

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ কথোপকথনের বৈধাবৈধ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অনেকে কাবা গৃহের তওয়াফ ও হাজারে আসওয়াদের চুম্বনকে পৌত্তলিকতার সাথে তুলনা করে, তা কি ঠিক?

আদৌ ঠিক না। কারণ তওয়াফে কাবাগৃহে পূজার উদ্দেশ্য হয় না, যেমন মূর্তিপূজা বা কবরপূজা হয়। আল্লাহর ঘরের তাওয়াফ করে তার আদেশ পালন করা হয় এবং তাতে তারই সম্ভুষ্টি কামনা করা হয়। অনুরূপ হাজারে আসওয়াদের চুম্বনও দেওয়া হয়, যেহেতু তা একটি ইবাদত। তাতে মহানবী (সঃ) এর অনুসরণ করা হয় এবং তাতে সওয়াব হয়। আমরা জান্নাতকে ভালবাসি বলে, জান্নাতের পাথরে চুমা দিই। পাথর থেকে কোন বরকতের আশায় নয়।

পাথর চুম্বকের মত চুম্বনকারীর পাপ শোষণ করে না। বরং আল্লাহর নবী (সঃ) এর অনুসরণে তাকে চুম্বন দিলে পাপ ক্ষয় হয়। উমার (রঃ) পাথর চুম্বন দেওয়ার সময় বলেছিলেন, '(হে পাথর!) আমি জানি তুমি একটা পাথর। তুমি কোন উপকার করতে পার না, অপকারও না। যদি আমি আল্লাহর রাসুল (সঃ) কে তোমাকে চুম্বন দিতে না দেখতাম, তাহলে আমি তোমাকে চুম্বন দিতাম না। ' (বুখারি, মুসলিম, আবুদ দাউদ, তিরমিজি, নাসাই)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2127

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন